

## শাবিতে ভিসির পক্ষে বিপক্ষে কর্মসূচি

**সিলেট ব্যাংক:**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভিসির পক্ষে-বিপক্ষে কর্মসূচি অব্যাহত রয়েছে। ভিসি অধ্যাপক ড. আমিনুল হক উইয়ার অপসারণ দাবিতে বুধবার অনশন কর্মসূচি পালন করেছেন মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকদের একাংশ। সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত প্রশাসনিক ভবন-২-এর সামনে জনশূন্য কর্মসূচি পালন করা হয়। আন্দোলনকারীদের মুখপাত্র অধ্যাপক সৈয়দ সামসুল আলম জানান, দুর্নীতিবাজ ভিসির বিরুদ্ধে আমাদের আন্দোলন অব্যাহত থাকবে। যতদিন ভিসির অপসারণ না হবে ততদিন আমরা আমাদের যৌক্তিক আন্দোলন থেকে সরবো না। পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে একই দাবিতে আজ পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন তারা। এদিকে শাবিতে ঘটে যাওয়া অনাকাঙ্ক্ষিত ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছে শিক্ষকদের আরেক অংশ মুক্তিযুদ্ধ,

বাংলাদেশী জাতীয়তাবাদ ও ধর্মীয় মূল্যবোধে শ্রদ্ধাশীল শিক্ষক পরিষদ। বুধবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ে সংবাদ সম্মেলন করে এ দাবি জানান বিএনপি-জামায়াতপন্থী শিক্ষক ফোরামের আহ্বায়ক অধ্যাপক সাজেদুল করিম। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের চিহ্নিত কিছু শিক্ষক ব্যক্তিহার্য চরিতার্থ করার জন্য বিভিন্ন সময়ে নিরস্ত্র মতাদর্শ কিংবা ভিন্ন মতাদর্শের ভিসির বিরুদ্ধে আন্দোলন করে আসছেন। সংবাদ সম্মেলনে অধ্যাপক কামাল আহমদ চৌধুরী, গোলাম আলী হায়দার, অধ্যাপক নজরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।